রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মে ৪, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ বৈশাখ, ১৪২২/২৯ এপ্রিল, ২০১৫

**নং ০৩.০৮৩.০২৪.০০.০০.০৫৯.২০১৫-১৫৯**—আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতা সম্পর্কে ঐকমত্য প্রতিষ্ঠা এবং আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন ও কর্মসম্পাদনের জন্য বলিষ্ঠ নেতৃত্ব ও দিক নির্দেশনা প্রদানের নিমিত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ ফেব্রুয়ারি, ২০১২ তারিখের ০৩.০৭৩.০৪৬.০৩.০০.০০৩.২০১০-৪৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সরকার কর্তৃক গঠিত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় প্রধানমন্ত্রী | সভাপতি |
| (২) | মাননীয় অর্থ মন্ত্রী | সহ-সভাপতি |
| (৩) | মাননীয় বাণিজ্য মন্ত্রী | সদস্য |
| (৪) | মাননীয় কৃষি মন্ত্রী | সদস্য |
| (৫) | মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী | সদস্য |
| (৬) | মাননীয় পানি সম্পদ মন্ত্রী | সদস্য |
| (৭) | মাননীয় নৌ-পরিবহন মন্ত্রী | সদস্য |
| (৮) | মাননীয় পররাষ্ট্র মন্ত্রী | সদস্য |
| (৯) | মাননীয় রেলপথ মন্ত্রী | সদস্য |
| (১০) | মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা | সদস্য |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১১) | মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা | সদস্য |
| (১২) | মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা | সদস্য |
| (১৩) | মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা | সদস্য |
| (১৪) | মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা | সদস্য |
| (১৫) | মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |

২। **কমিটির কার্যপরিধি** ঃ

(ক) আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার জন্য বিভিন্ন খাত চিহ্নিতকরণ :

(খ) সুনির্দিষ্ট সময়ের মধ্যে আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার জন্য ঐকমত্য প্রতিষ্ঠায় দিক নির্দেশনা প্রদান;

(গ) আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন বা কর্মসম্পাদনের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান:

(ঘ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

৩। কমিটির সাচিবিক ও নির্বাহী দায়িত্ব প্রধানমন্ত্রীর কার্যালয়ের উপ-আঞ্চলিক সহযোগিতা সেলের উপর ন্যস্ত থাকবে।

৪। সাধারণ/নৈমিত্তিক পত্রালাপসহ কূটনৈতিক বিষয়ক কার্যাদি পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সহায়তা/প্রকল্প বিষয়ক কার্যাদি অর্থনেতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সম্পন্ন করা হবে।

৫। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং সাব-কমিটি গঠন করতে পারবে।

৬। এ প্রসংগে জুলাই ২৯, ২০০৯ তারিখে কমিটি গঠন সংক্রান্ত এবং ১৯ ফেব্রুয়ারি, ২০১২ তারিখে কমিটি পুনর্গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হল।

৭। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুরাইয়া বেগম,** এনডিসি
সচিব ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd